

পরিপত্র

বিষয়ঃ চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকারী সরকারি কর্মকর্তা/কর্মচারির উত্তরাধিকারীর নিকট অথবা অক্ষম (সম্পূর্ণ মানসিক প্রতিবন্ধী বা পশু হয়ে অবসর গ্রহণকারী দুর্দশাগ্রস্ত) কর্মকর্তা/কর্মচারির নিকট থেকে অনাদায়ী ঋণের অপরিশোধিত আসল ও সুদ বা দন্ডসুদ মওকুফ সংক্রান্ত সংশোধিত নীতিমালাঃ

চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকারী সরকারি কর্মকর্তা/কর্মচারির উত্তরাধিকারীর নিকট থেকে অথবা অক্ষম কর্মকর্তা/কর্মচারির নিকট থেকে অনাদায়ী ঋণের অপরিশোধিত আসল ও সুদ বা দন্ডসুদ মওকুফের বিষয়ে ইতঃপূর্বে সময়ে সময়ে জারিকৃত নীতিমালার পরিবর্তে নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ

২.০ এ নীতিমালার আওতায় গৃহ নির্মাণ, গৃহ মেরামত, কম্পিউটার, মোটরকার ও মোটর সাইকেল ঋণের অপরিশোধিত আসল ও সুদ বা দন্ডসুদ মওকুফের বিষয় বিবেচিত হবে। “প্রাধিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা”-এর আওতায় গৃহীত ঋণ মওকুফের বিষয়টি এ নীতিমালার আওতায় বিবেচিত হবে না।

২.১ ঋণ মওকুফের প্রস্তাব প্রক্রিয়াকরণঃ

২.২ ঋণ মওকুফের প্রস্তাব পেশকরণ সংক্রান্ত অর্থ বিভাগের নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণপূর্বক অধিদপ্তর/পরিদপ্তরের ক্ষেত্রে বিভাগীয় প্রধান এবং মন্ত্রণালয়/বিভাগের ক্ষেত্রে সিনিয়র সচিব/সচিবের সুস্পষ্ট সুপারিশসহ প্রেরণ করতে হবে।

২.৩ ঋণ মওকুফের প্রস্তাব পেশকরণ সংক্রান্ত ফরম-এর সংশ্লিষ্ট কলামে এককালীন প্রাপ্য গ্র্যাচুইটি (শেষ বেতনের পেনশনযোগ্য অংকের ৫০%) পরিশোধ করা হয়েছে কিনা তা সুস্পষ্টভাবে অবশ্যই উল্লেখ করতে হবে।

৩.০ আসল ও সুদ মওকুফের বিষয়ে সুপারিশ প্রদানের লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করা হলোঃ

| | | |
|---|---|------------|
| (১) অতিরিক্ত সচিব (প্রশাসন ও ব্যয় নিয়ন্ত্রণ), অর্থ বিভাগ | - | সভাপতি |
| (২) অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ | - | সদস্য |
| (৩) অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়), অর্থ বিভাগ | - | সদস্য |
| (৪) মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| (৫) জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| (৬) যুগ্ম-সচিব (বাজেট-১), অর্থ বিভাগ | - | সদস্য |
| (৭) সরকারি কর্মচারি কল্যাণ বোর্ডের একজন প্রতিনিধি | - | সদস্য |
| (৮) উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব (বাজেট-২), অর্থ বিভাগ | - | সদস্য-সচিব |

৪.০ কমিটি সাধারণভাবে প্রতিমাসে একটি সভা করবে।

৫.০ কমিটি আসল ও সুদ মওকুফের ক্ষেত্রে নিম্নরূপ বিষয়াদি বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান করবেঃ

৫.১ ঋণ গ্রহীতা সরকারি কর্মকর্তা/কর্মচারি চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে অথবা অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণ করলে গৃহীত ঋণের অপরিশোধিত আসল ও সুদ মওকুফের বিষয় বিবেচনাযোগ্য হবে। এক্ষেত্রে অবসর উত্তর ছুটিকালও (পি আর এল) চাকুরিকাল হিসেবে গণ্য হবে।

৫.২ ঋণ গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারি প্রাপ্য গ্র্যাচুইটি মৃত্যুর পূর্বে নিষ্পত্তি হয়ে থাকলে তাদের ক্ষেত্রে মওকুফের প্রস্তাব বিবেচনাযোগ্য হবে না।

৫.৩ চাকুরিরত অবস্থায় কোন সরকারি কর্মকর্তা/কর্মচারি দায়দেনাগ্রস্ত নিঃস্ব পরিবার পরিজন রেখে মৃত্যুবরণ করলে অথবা অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণ করলে তাদের ক্ষেত্রে প্রাপ্য সরকারি সুবিধাদি বিবেচনাক্রমে আসল ও সুদ মওকুফযোগ্য হবে।

পূর্ব পৃষ্ঠার পরঃ

- ৫.৪ প্রাপ্য গ্র্যাচুইটি মোট ১২.০০ লক্ষ (বার লক্ষ) টাকা বা তদুর্ধ্ব হলে ৫.৩-এ উল্লেখিত ক্ষেত্র ব্যতীত আসল মওকুফ বিবেচনায় আনা হবে না;
- ৫.৫ অপরিশোধিত ঋণের পরিমাণ অবসরজনিত এককালীন প্রাপ্যের অর্ধেক বা বেশী হলে (শেষ বেতনের পেনশনযোগ্য অংকের ৫০%) মৃত/অক্ষম ব্যক্তির পরিবারের সদস্য সংখ্যা, ছেলে-মেয়েদের বয়স, লেখাপড়া ও আর্থিক অবস্থা ইত্যাদি বিবেচনাপূর্বক কমিটি আসল মওকুফের সুপারিশ করবে।
- ৫.৬ দুস্থ/অসহায় পরিবার পরিজন রেখে চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকারী/অক্ষমতাজনিত কারণে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারির ক্ষেত্রে অপরিশোধিত সুদের সম্পূর্ণ অংশ মওকুফের বিষয় বিবেচনাযোগ্য হবে।
- ৬.০ সুদ ও আসল মওকুফের হিসাব একটি রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে। কোন অর্থবছরে আসল ও সুদসহ মওকুফের পরিমাণ বাজেটে বরাদ্দকৃত অংকের অতিরিক্ত হবে না।
- ৭.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

Beegum
26.02.2019
(দিলারা বেগম)
উপ-সচিব
ফোনঃ ৯৫৫০৩০৮

বিতরণঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ।
৪. সকল সদস্য, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (সংগঠন ও ব্যবস্থাপনা) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব, বাজেট অনুবিভাগ-১/২, অর্থ বিভাগ।
৭. যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ ১/২, অর্থ বিভাগ।
৮. উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব, বাজেট অনুবিভাগ-১/২, অর্থ বিভাগ।
৯. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সকল মন্ত্রণালয়/বিভাগ।

